**কীটতত্ব শাখা প্রযুক্তি-৯**

| | | |
|---|---|---|
| ১) প্রযুক্তির নামঃ | | পিতরাজ বীজের নির্যাস (বীজ:পানি=১:২০) দ্বারা পাটের হলুদ মাকড় দমন। |
| ২) প্রযুক্তির বৈশিষ্ট্যঃ | | প্রযুক্তির উল্লেখযোগ্য বৈশিষ্ট্যঃ<br>১। সহজ প্রাপ্যতা<br>২। ব্যবহার পদ্ধতি খুবই সহজ<br>৩। পরিবেশ বান্ধব<br>৪। উক্ত দমন পদ্ধতি অর্থনৈতিকভাবে লাভজনক |
| ৩) প্রযুক্তির উপযোগিতাঃ | | ১। যে সকল অঞ্চলে পাট চাষ হয় সে সকল অঞ্চলে হলুদ মাকড় দমনের জন্য রাসায়নিক মাকড়নাশক ব্যবহার না করে পিতরাজ বীজের নির্যাস দিয়ে হলুদ মাকড় দমন করা যায়।<br>২। পিতরাজ বীজের নির্যাস হলুদ মাকড় আক্রান্ত গাছের ডগার কচি পাতার উল্টোদিকে সরাসরি স্প্রে করলে খুব ভাল ফল পাওয়া যায়।<br>৩। এই প্রযুক্তি ব্যবহারের ফলে পরিবেশের উপর কোন বিরুপ প্রভাব পড়ে না।<br>৪। এই ক্ষেত্রে উপকারী পোকার উপর কোন ক্ষতিকর প্রভাব ফেলে না।<br>৫। এই প্রযুক্তি গ্রহণের ক্ষেত্রে কৃষকের কোন ঝুঁকি নাই।<br>৬) হলুদ মাকড় আক্রান্ত গাছের ডগার কচিপাতার উল্টোদিকে পিতরাজ বীজের নির্যাস সরাসরি স্প্রে করলে খুব ভাল ফল পাওয়া যায়। |
| ৪) মাঠ পর্যায়ের তথ্যঃ | | **পিতরাজ বীজের নির্যাস প্রস্তুত প্রনালীঃ**<br>পিতরাজ বীজ সংগ্রহ করে রোদ্রে ভালভাবে শুঁকিয়ে মেশিনের সাহায্যে গুড়া করতে হবে। তারপর পিতরাজ বীজের পাউডার পানিতে ১:২০ অনুপাতে (১০০ গ্রাম পাউডার ২ লিটার পানিতে) মিশিয়ে নির্যাস তৈরি করতে হবে। তারপর নির্যাসটি ছাকনি দিয়ে ছেকে নিতে হবে।<br>পিতরাজ বীজের নির্যাস তৈরির খরচ:<br>নির্যাস তৈরির শ্রমিক মজুরি ও স্প্রে<br>১ জন শ্রমিক (সংগ্রহ ওনির্যাস তৈরি)=৬০০/-<br>প্রথম বার (২ জন) = ১২০০/-<br>দ্বিতীয় বার (২জন)= ১২০০/-<br>---------------------<br>মোট = ৩,০০০/-<br>এই প্রযুক্তি ব্যবহারের ফলে গড়ে প্রতি হেক্টরে সাত মণ ফলন বেশি পাওয়া যায় যার বর্তমান মূল্য =২৮০০ × ৭ = ১৯,৬০০/-<br>প্রতি হেক্টরে লাভ = (১৯,৬০০/- ৩,০০০) = ১৬,৬০০/- |

| | | |
|---|---|---|
| | | <br>ছবি: পিতরাজ বীজের নির্যাস |
| ৫) প্রযুক্তি হতে ফলন/প্রাপ্তিঃ | | ১:২০ অনুপাতে তৈরি পিতরাজ বীজের নির্যাস ব্যবহার করে প্রায় ৬৭ ভাগ হলুদ মাকড়ের আক্রমণ কমানো যায় এবং পাটের আঁশের ফলন প্রায় ১০-১২ ভাগ বৃদ্ধি পায়। |